

খুলনা বিশ্ববিদ্যালয়ের (খুবি) তিন শিক্ষককে চাকরিচ্যুতির সিদ্ধান্ত প্রত্যাহারের দাবিতে গতকাল রোববার অষ্টম দিনের মতো প্রতিবাদ কর্মসূচি পালন করেছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা। দুপুর ১টার দিকে প্রশাসনিক ভবনের সামনে ৮-১০ শিক্ষার্থী প্রতিবাদ কর্মসূচি পালন করেছেন। অন্যদিকে, সকাল সাড়ে ১১টায় একই দাবিতে বিশ্ববিদ্যালয়ের ছয় থেকে আট শিক্ষক অবস্থান কর্মসূচি পালন করেন।

অবস্থান কর্মসূচিতে স্থাপত্য ডিসিপ্লিনের অধ্যাপক অনির্বাণ মোস্তফা বলেন, যতদিন না পর্যন্ত আবুল ফজল, শুল্লা কাবেরী ও শাকিলা আলমদের চাকরিচ্যুতির সিদ্ধান্ত প্রত্যাহার না করা হবে, ততদিন আমাদের এ প্রতিবাদ অব্যাহত থাকবে। প্রয়োজনে আমরা আরও কঠোর কর্মসূচি পালন করব।

শিক্ষার্থীদের কর্মসূচিতে বাংলা ডিসিপ্লিনের আশিক বিশ্বাস বলেন, আমরা আমাদের বিশ্ববিদ্যালয়কে প্রাণের চেয়ে বেশি ভালোবাসি। আমরা কোনোমতেই কোনো শিক্ষককে বিনা দোষে শাস্তি পেতে দেব না।

বাংলা ডিসিপ্লিনের শিক্ষার্থী মোবারক হোসেন নোমান বলেন, শিক্ষার্থীদের যৌক্তিক আন্দোলনে সংহতি জানানোয় আমাদের তিনজন শিক্ষককে অন্যায়ভাবে বহিস্কার করা হয়েছে। এটা খুলনা বিশ্ববিদ্যালয় প্রশাসনের চরম নীতিবহির্ভূত কাজের প্রমাণ।

এদিকে, বিশ্ববিদ্যালয় শিক্ষক নেটওয়ার্কের পক্ষ থেকে তিন শিক্ষকের শাস্তির সিদ্ধান্ত বাতিলের জন্য খুবি প্রশাসনকে দেওয়া আলটিমেটাম শেষ হয়েছে গতকাল। এই সময়ের মধ্যে সিদ্ধান্ত বাতিল না হওয়ায় আজ সোমবার বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতির কাছে পত্র দেওয়া হবে।